

১৯৬৩ সালে মাদারীপুর জেলার সদর উপজেলার ঘটকচর গ্রামে কেন্দ্রীয়া ইউনিয়ন পরিষদের তৎকালীন চেয়ারম্যান ওয়াজ উদ্দিন ঢালী কর্তৃক ঘটকচর বহুমুখী উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠিত হয় এবং সমসাময়িক সময়ে বিদ্যালয় ভবন নির্মাণ করা হয়। ফলে বিদ্যালয়ের পূর্ব ও উত্তর দিকের মূল ভবনের বয়স ৫৭ বছরেরও বেশি হওয়ায় এর ছাদের অধিকাংশ স্থানেরই পলস্তারা উঠে গেছে, বিভিন্ন স্থানে সৃষ্টি হয়েছে ফাটল। বর্ষাকালে জরাজীর্ণ বিদ্যালয় ভবনের ছাদের বিভিন্ন স্থান দিয়ে বৃষ্টির পানি ক্লাসরুমে পড়ায় ছাত্রছাত্রীদের লেখাপড়ায় বিঘ্ন ঘটছে। মাঝে মাঝেই পলস্তারা খুলে ছাত্রছাত্রীদের ওপর পড়ে ঘটছে দুর্ঘটনা। প্রতিষ্ঠার পরপরই এমপিওভুক্তিপ্রাপ্তির কারণে এ বিদ্যালয় আগে থেকেই সরকারি বিভিন্ন সুবিধা পেয়ে আসছে। এ বিদ্যালয়ের বর্তমান ছাত্রছাত্রী সংখ্যা প্রায় ১৭০০ জন এবং শিক্ষক সংখ্যা ৩১ জন। বিদ্যালয়টি জেলার অন্যতম সেরা বিদ্যালয় হিসেবে সুপরিচিত। এ এলাকার যোগাযোগব্যবস্থা অত্যন্ত উন্নত হওয়ার কারণে আন্তঃজেলা স্কুল প্রতিযোগিতার প্রায় সব ইভেন্ট এ বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হওয়া ছাড়াও এসএসসি, জেএসসি ও পিইসি পরীক্ষা এ বিদ্যালয় কেন্দ্রে অনুষ্ঠিত হয়ে থাকে। ঢাকা-বরিশাল মহাসড়কসংলগ্ন অবস্থিত হওয়ায় গুরুত্বপূর্ণ ব্যক্তির সহজেই বিদ্যালয়টি পরিদর্শন করে যেতে পারেন। তারা বিভিন্ন আশ্বাস দিলেও আজও বিদ্যালয় ভবনটি আগের অবস্থায়ই আছে। তাই মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও স্থানীয় এমপি মহোদয়ের প্রতি আকুল আবেদন, বড় দুর্ঘটনা ঘটার আগেই ব্যবস্থা নিন।

advertisement

ঢালী মোহাম্মদ আমিনুল ইসলাম, ঘটকচর, মস্তফাপুর, মাদারীপুর